

## ঢাবি ছাত্রলীগের পাল্টা কমিটি গঠন ২ সপ্তাহে প্রথম মিছিল সমাবেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

‘ছাত্রলীগকে প্রতিহত করা হবে’ ছাত্রদলের এ হুমকিতে ছাত্রলীগের নেতা-কর্মীরা প্রায় দুই সপ্তাহ ধরে ঢাবি ক্যাম্পাসে যাচ্ছে না। ফলে দুই সপ্তাহে ক্যাম্পাসে তাদের কোন মিছিল সমাবেশও অনুষ্ঠিত হয়নি। তবে ছাত্রলীগের বঞ্চিত নেতাকর্মীরা বৃহস্পতিবার ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। এদিকে মঙ্গলবার ঘোষিত ছাত্রলীগের ঢাবি শাখার কমিটির বিরুদ্ধে পদবিক্ষেপেরা ৫৭ সদস্য বিশিষ্ট পাল্টা কমিটি ঘোষণা করেছে। গত বৃহস্পতিবার টিএসসিতে এক সাংবাদিক সম্মেলনে ৫৭ সদস্য বিশিষ্ট এ কমিটি ঘোষণা করে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ হয়।

নবগঠিত ঢাবি শাখা ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান এবং সাধারণ সম্পাদক রফিকুল

আলম জাফফারী রাসেল। নবগঠিত কমিটিতে ১৮ সহ-সভাপতি, ৫ যুগ্ম সাধারণ সম্পাদক, ৫ সাংগঠনিক সম্পাদক, ২২ সম্পাদক এবং ৪ সদস্য রয়েছেন। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঢাবি শাখার সাবেক সভাপতি শাহাদত হোসেন সূজন। সম্মেলনে অর্ধশতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সম্মেলনে বলা হয়, আওয়ামী লীগ সভানেত্রীর দোহাই দিয়ে যে কমিটি গঠন করা হয় তাদের অধিকাংশকেই ছাত্রলীগের নেতাকর্মীরা চেনে না। এ কমিটি সকল স্থবিরতা কাটিয়ে ক্যাম্পাসে ছাত্রলীগের তৎপরতা ফিরিয়ে আনবে। হল কমিটিও গঠন করবে নবগঠিত কমিটি। কমিটি গঠনের ক্ষেত্রে কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদকের (১৪শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### ঢাবি ছাত্রলীগের পাল্টা কমিটি

(তৃতীয় পৃঃ পর)

অনুমোদন প্রয়োজন কিনা এ প্রশ্নের জবাবে নেতবৃন্দ বলেন, গত কমিটির অধিকাংশ নেতা বৈঠকে বসে এ কমিটি গঠনের সিদ্ধান্ত দিয়েছে। এ সিদ্ধান্তকেই এ কমিটি বড় করে দেখছে।

সম্মেলনশেষে নবগঠিত কমিটি ক্যাম্পাসে মিছিল করলে সাময়িক উত্তেজনা ছড়িয়ে পড়ে। মলচত্বরে অবস্থানরত ছাত্রদলের নেতাকর্মীরা তাৎক্ষণিকভাবে ছাত্রলীগকে মোকাবেলার জন্য জড়োও হয়। তবে ছাত্রলীগ সংক্ষিপ্ত সমাবেশ করে দ্রুত ক্যাম্পাস ভাগ করে।